হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ১৩ ঃ সংখ্যা-৫২ ঃ ঢাকা- বুধবার ২৫ জুন ২০২৫ ইং ঃ ১১ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ ঃ পৃষ্ঠা-০৮ মূল্য-৫.০০ টাকা




১২৭ জনের বিরুদ্ধে আইনি পদক্ষেপের হুঁশিয়ারি মিষ্টি জান্নাতের - পৃষ্ঠা-৩

## মেহেরপুরে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু

মেহেরপুর প্রতিনিধি

সারা দেশের মতো মেহেরপুরেও আজ থেকে শুরু হয়েছে ২০২৫ সালের উচ্চমাধ্যমিক (এইচএসসি) ও সমমানের পরীক্ষা। প্রথম দিনে অনুষ্ঠিত হচ্ছে বাংলা প্রথম পত্র। সকাল ১০টা থেকে শুরু হয়ে পরীক্ষা চলবে দুপুর ১টা পর্যন্ত।

জেলায় চারটি শিক্ষা শাখার অধীনে ১৪টি কেন্দ্রে মোট ৫ হাজার ৫১৫ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছেন। এর মধ্যে সাধারণ শাখায় ৭টি কেন্দ্রে পরীক্ষায় অংশ নিচ্ছেন ৪ হাজার ১৭৭ জন। ব্যবসায় শিক্ষা শাখায় ৪টি কেন্দ্রে ৯২১ জন, কারিগরি শাখায় ২টি কেন্দ্রে ২৭৩ জন এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ১টি কেন্দ্রে পরীক্ষায় অংশ নিচ্ছেন ১৪৪ জন। সুষ্ঠু, নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে জেলা প্রশাসন ও শিক্ষা বিভাগ প্রয়োজনীয় সব প্রস্তুতি




### ছহিউদ্দীন ডিগ্রি কলেজে নাম পরিবর্তনের নামে ৩০ লক্ষ টাকার নতুন ষড়যন্ত্র?

## একক সিদ্ধান্ত, গোপন সভা, তথ্য গোপন প্রশ্নের মুখে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ

নিজেস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলার অন্যতম ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান "ছহিউদ্দীন ডিগ্রি কলেজ" আবারও চাঞ্চল্যকর এক বিতর্কের মুখে। নাম পরিবর্তনের প্রক্রিয়া ঘিরে নতুন করে ৩০ লক্ষ টাকার বাজেট বরাদ্দের চেষ্টা করা হচ্ছে বলে অভিযোগ উঠেছে। যেখানে শিক্ষা মন্ত্রণালয়ের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী এই কাজটি এক টাকাও খরচ না করেই করা যায়। অথচ, কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মহসীন আলী নিজের ক্ষমতার অপব্যবহার করে প্রতিষ্ঠানটির নাম পুনর্বহালের নামে অর্থ অপচয়ের পরিকল্পনা করছেন বলে অভিযোগ করেছেন শিক্ষক-শিক্ষার্থীরা।

কলেজটি প্রতিষ্ঠাকালীন সময়ে "মেহেরপুর পৌর কলেজ" নামে প্রতিষ্ঠিত ছিল। কিন্তু ২০১৯ সালের ২০ মে কলেজটির নাম তৎকালীন জনপ্রশাসনমন্ত্রী ফরহাদ হোসেনের পিতা ছহিউদ্দীনের নামে পরিবর্তন করে "ছহিউদ্দীন ডিগ্রি কলেজ" রাখা হয়। মন্ত্রীকে সন্তুষ্ট করতে এবং নিজের পদের নিশ্চয়তা পেতে ভারপ্রাপ্ত অধ্যক্ষ এই অভিনব পথ বেছে নিয়ে নিম্নমানের কৌশলের পথ বেছে নিতে দ্বিধা করেননি। শিক্ষকদের একটি অংশ এবং স্থানীয় সচেতন মহল শুরু থেকেই এই সিদ্ধান্তের বিরোধিতা করে আসছিলেন। অভিযোগ ছিল, এটি রাজনৈতিক প্রভাব খাটিয়ে গঠিত এবং কলেজ ফান্ড থেকে তখন প্রায় ৩০ লক্ষ টাকা ব্যয় করা হয় নাম পরিবর্তনের অজুহাতে। যার স্বচ্ছতা নিয়ে প্রশ্ন রয়েছে।

একই ইস্যুতে এবং ক্ষমতার পট পরিবর্তনের পর নিজের পদ রক্ষার স্বার্থে গত ২৬ মে ভারপ্রাপ্ত অধ্যক্ষ মহসীন আলীর একটি চিঠি জেলা জুড়ে বিভিন্ন গণমাধ্যম, রাজনৈতিক নেতৃবৃন্দ এবং শিক্ষা অফিসে পাঠান। যেখানে উল্লেখ করা হয় যে কলেজটির নাম পুনরায় পরিবর্তন করে "মেহেরপুর পৌর কলেজ" রাখার সিদ্ধান্ত হয়েছে। তিনি নিজেকে "অধ্যক্ষ" পরিচয়ে চিঠিটি পাঠান। যদিও তিনি এখনো ভারপ্রাপ্ত পদেই রয়েছেন এবং পূর্ণ অধ্যক্ষ হিসেবে নিয়োগ পাননি। এই চিঠিতে বলা হয় যে, ম্যানেজিং কমিটি ও স্টাফ কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী নাম পরিবর্তনের উদ্যোগ নেওয়া হয়েছে। তবে চিঠির ভাষাগত অসংগতি, তারিখের অমিল এবং সংশ্লিষ্টদের অজানা থাকা সব কিছুই ইঙ্গিত দেয় এটি ছিল একক সিদ্ধান্ত এবং অর্থ অপচয়ের নতুন ফাঁদ। এই সিদ্ধান্ত সম্পর্কে কলেজের গুরুত্বপূর্ণ প্রশাসনিক ব্যক্তিদের কেউই অবগত নন বলে জানিয়েছেন।

কলেজের স্টাফ কাউন্সিলের সাধারণ সম্পাদক ও সহকারী অধ্যাপক (অর্থনীতি) আবদুল খালেক বলেন: "এই বিষয়ে কোনো সভা হয়েছে কিনা আমার জানা নেই। কাউন্সিলে আলোচনা হলে আমরা জানতাম। কেউ যদি ব্যক্তিগতভাবে চিঠি পাঠায়, সেটা আমাদের বিষয় নয়।" কলেজ গভর্নিং বডির সভাপতি মোস্তাফিজুর রহমান তুহিন বলেন,"নাম পরিবর্তন নয়, নাম পুনর্বহাল করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা ও পরামর্শ অনুযায়ী বিনা খরচেই এটা করা সম্ভব। তাহলে কেন আবার বিপুল অর্থ ব্যয় করা হবে? এ বিষয়ে কোনো সভার কথা আমার জানা নেই।"

## মেহেরপুর: এক সকালে ঝরল দুই তাজা প্রাণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে বুধবার সকালে পৃথক মোটরসাইকেল দুর্ঘটনায় তিন জনের প্রাণ হারানোর খবর হৃদয়বিদারক হয়ে দেখা দিয়েছে। সবচেয়ে করুণ ঘটনা ঘটেছে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের বন বিভাগের সামনে, যেখানে দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী মো. এ কে এম মাহফুজুর রহমান (৪৭) ও মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের এইচএসসি পরীক্ষার্থী আকমল হোসেন (২০) নিহত হন। একইদিন রাতে বাড়িবাঁকা গ্রামের বুড়িপোতা সড়কে মুকুল নামের এক ব্যক্তি মোটরসাইকেল আরোহী দুর্ঘটনায় প্রাণ হারান।





ঘটনার বর্ণনা অনুযায়ী, সকাল আনুমানিক ১০টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের বন বিভাগের সামনে দুটি দ্রুতগামী মোটরসাইকেলের সংঘর্ষ ঘটে। মুখোমুখি সংঘর্ষের তীব্রতায় উভয় মোটরসাইকেল দুমড়ে-মুচড়ে যায় এবং মোটরসাইকেল আরোহীরা ছিটকে পড়ে যান। স্থানীয়রা তাদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক দুজনকেই মৃত ঘোষণা করেন।

নিহত মো. এ কে এম মাহফুজুর রহমান গাংনী উপজেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী



প্রকৌশলী হিসেবে দায়িত্ব পালন করতেন। গহরপুর গ্রামের বাসিন্দা মাহফুজুর ছিলেন কাজের প্রতি নিষ্ঠাবান ও দায়িত্বশীল ব্যক্তি। তার এই আকস্মিক মৃত্যু পরিবার ও সহকর্মীদের মধ্যে শোকের ছায়া ফেলেছে। তার ভাই বলেন, "প্রতিদিনের মতো কাজে যাচ্ছিল মাহফুজ, অফিসেই পৌঁছানোর কথা ছিল, অথচ এই দুর্ঘটনা আমাদের পরিবারকে ভেঙে দিল।"

অপর নিহত আকমল হোসেন মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের এইচএসসি পরীক্ষার্থী। শহরের শেখপাড়া এলাকার এই তরুণটি পড়াশোনায় আগ্রহী এবং ভদ্র স্বভাবের বলে সহপাঠীরা জানায়। আকমলের বাবা মাবু মীর একজন দিনমজুর। নিহতের মাতা বারবার মূর্ছা যাচ্ছিলেন এবং বলতে পারছিলেন, "আমার ছেলে সকালে বাইকে বের হলো, আমি বলেছিলাম ধীরে চালাতে... কে জানত, ও আর ফিরবে না।"

এদিকে, মেহেরপুর সদর উপজেলার বাড়িবাঁকা গ্রামের বুড়িপোতা সড়কে রাতে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে মুকুল নামের আরেক ব্যক্তির মৃত্যু ঘটে। মুকুল শহরের স্টেডিয়াম পাড়ার রবিউল ইসলামের ছেলে। দুর্ঘটনার পর তাকে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দিন জানান, "আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি এবং দুর্ঘটনার প্রকৃত কারণ জানতে তদন্ত শুরু হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে বেপরোয়া গতি এবং সড়কে অসতর্কতার কারণে এই প্রাণঘাতী দুর্ঘটনা ঘটেছে।"

স্থানীয়রা অভিযোগ করেন, মহাসড়কে যানবাহনের গতি নিয়ন্ত্রণে কার্যকর কোনো ব্যবস্থা নেই। ট্রাফিক তদারকি এবং বাইকারদের সচেতনতা বৃদ্ধির জন্য সরকারের দ্রুত পদক্ষেপ নেওয়ার দাবি তোলা হয়েছে। "দ্রুতগতির যানবাহন আর তদারকিহীন সড়ক ব্যবস্থাপনা প্রতিদিন মানুষের জীবন ঝুঁকিতে ফেলছে," বললেন এক স্থানীয় বাসিন্দা।

এই দুর্ঘটনা মেহেরপুরের জনজীবনে গভীর শোক ও সড়ক নিরাপত্তা নিয়ে পুনরায় জোরালো প্রশ্ন তুলেছে। সবাই এখন আশায় আছে, যেন আর কোনো পরিবার এমন শোকে নিমজ্জিত না হয় এবং



## মানবতার শত্রু হয়ে দাঁড়িয়েছে 'মব জাস্টিস' তারেক রহমান

নিজস্ব প্রতিবেদক

'মব জাস্টিস' নামে এক হিংস্র উন্মাদনা মানবতার শত্রু হয়ে দাঁড়িয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। গতকাল বুধবার (২৫ জুন) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি এ মন্তব্য করেন। নির্যাতিতদের সমর্থনে বৃহস্পতিবার (২৬ জুন) জাতিসংঘ ঘোষিত আন্তর্জাতিক নির্যাতনবিরোধী দিবস উপলক্ষে



## সাবেক সিইসি কাজী হাবিবুল আউয়াল গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক

সাবেক প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়ালকে গ্রেপ্তার করা হয়েছে। ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপকমিশনার মুহাম্মদ তালেবুর রহমান আজ বুধবার প্রথম আলোকে এই তথ্য নিশ্চিত করেছেন।

তালেবুর রহমান বলেন, আজ সকালে রাজধানীর মগবাজার থেকে হাবিবুল আউয়ালকে

## স্থানীয় ও জাতীয় নির্বাচনের প্রস্তুতিতে মাঠে জামায়াত

নিজস্ব প্রতিবেদক

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং আসন্ন স্থানীয় সরকার নির্বাচনকে সামনে রেখে মাঠ গোছাতে শুরু করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দীর্ঘদিন রাজনীতির বাইরে থাকা দলটি সম্প্রতি মেহেরপুর জেলার দুটি সংসদীয় আসনে প্রার্থীর নাম ঘোষণা করেছে। পাশাপাশি দলীয়ভাবে ঘরোয়া সভা, গণসংযোগ ও সমাবেশের মাধ্যমে সংগঠনকে সক্রিয় করে তোলার প্রচেষ্টা চালাচ্ছে।

দলীয় সূত্রে জানা গেছে, মেহেরপুর-১ আসনে জেলা জামায়াতের আমির মাওলানা তাজ উদ্দিন আহমেদ খান এবং মেহেরপুর-২ (গাংনী) আসনে জেলা শুরা সদস্য নাজমুল হুদাকে প্রার্থী ঘোষণা করা হয়েছে। এদের নেতৃত্বে এলাকায় চলছে গণসংযোগ, ওয়ার্ডভিত্তিক সভা, সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠানে অংশগ্রহণ এবং স্থানীয় জনগণের সঙ্গে মতবিনিময়।

জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হোসেন বলেন, "২০১০ সাল থেকে আমরা মেহেরপুর জেলা কার্যালয়ে দলীয় কার্যক্রম চালাতে পারিনি। তবে গত ৬ আগস্ট থেকে আমাদের অফিস আবার চালু হয়েছে। আমরা কেন্দ্রীয় নির্দেশনার আলোকে স্থানীয় ও জাতীয় নির্বাচনের প্রস্তুতি নিচ্ছি।"

তিনি আরও জানান, স্থানীয় নির্বাচন আগে হলেও জাতীয় নির্বাচনকেও সমান গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে। সম্ভাব্য প্রার্থীরা এলাকায় নিয়মিত গণসংযোগ করছেন এবং নিজ নিজ এলাকায় রাজনৈতিক ও সামাজিক কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছেন।

দলীয় নেতাদের মতে, শেখ হাসিনা সরকারের পতনের দাবিতে গত বছর ৫ আগস্টের আন্দোলনের পর থেকে জামায়াতের রাজনৈতিক কর্মকাণ্ডে নতুন গতি এসেছে। জামায়াত নিজস্ব পরিকল্পনা অনুযায়ী নির্বাচনী প্রস্তুতি চালিয়ে যাচ্ছে। দলীয় নেতারা মনে করছেন, আগামী নির্বাচনে ভালো ফলাফল অর্জনের মাধ্যমে রাজনীতিতে জামায়াত আবারও প্রাসঙ্গিকতা ফিরে পাবে। এজন্য মাঠ পর্যায়ে সাংগঠনিক শক্তি বৃদ্ধি ও নির্বাচনী মাঠ প্রস্তুত করাকেই এখন প্রধান কৌশল হিসেবে দেখা হচ্ছে।

প্রসঙ্গত, চলতি বছরের জানুয়ারিতে অনুষ্ঠিত দ্বাদশ

## ৮ উইকেটে ২২০ রানে প্রথম দিন শেষ করেছে বাংলাদেশ

স্পোর্টস ডেস্ক

বাংলাদেশ প্রথম ইনিংসে ৭১ ওভারে ২২০/৮ (এবাদত ৫*, তাইজুল ৯*, বিজয় ০, মুমিনুল ২১, শান্ত ৮, সাদমান ৪৬, লিটন ৩৪, মুশফিক ৩৫, মিরাজ ৩১, নাঈম ২৫)

কলম্বোয় সিরিজের দ্বিতীয় টেস্টে যে আশা নিয়ে বাংলাদেশ টস জিতে ব্যাটিং নিয়েছিল তাতে মোটেও সফল হয়নি শান্তর দল। প্রথম দিনটি শেষ করেছে হতাশায়। বৃষ্টি বিরতির আগে পড়ে মিলিয়ে ৪ উইকেট হারিয়ে শুরুর দিনেই সফরকারীরা ব্যাক ফুটে পড়ে গেছে। মূল আঘাতটা হেনেছেন অভিষিক্ত স্পিনার সোনাল দিনুশা। লিটন, মুশফিককে ফিরিয়ে প্রতিরোধ দুর্বল করেছেন তিনি।

ভালো ইঙ্গিত দিয়েও ইনিংস বড়

## মেহেরপুরে এনএসপি'র অগ্রযাত্রায় স্থবিরতা

নিজস্ব প্রতিবেদক

আত্মপ্রকাশের প্রায় তিন মাস অতিক্রম করলেও মেহেরপুরে এখনো কার্যকর ও শক্তিশালী সাংগঠনিক ভিত্তি গড়ে তুলতে ব্যর্থ হয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনএসপি)। জনগণের মাঝে প্রত্যাশিত সাড়া ফেলতে না পারা এবং সুস্পষ্ট দিকনির্দেশনার অভাবে স্থানীয় রাজনীতিতে দলটির কার্যক্রম এখনো চোখে পড়ার মতো হয়ে ওঠেনি।

দলীয় সূত্রে জানা গেছে, আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মেহেরপুর-২ (গাংনী) আসনে এনএসপির সম্ভাব্য প্রার্থী হিসেবে আলোচনায় রয়েছেন দলের কেন্দ্রীয় মুখ্য সমন্বয়ক অ্যাডভোকেট সাকিল আহম্মেদ।

তবে এ ঘোষণার পরও নির্বাচনী মাঠে দলীয় তৎপরতা সীমিত। তৃণমূলে এখনো শুরু হয়নি গণসংযোগ বা সংগঠনের বিস্তারমূলক কার্যক্রম। গত ৩ জুন এনএসপির কেন্দ্র থেকে মেহেরপুর জেলা ১২ সদস্যবিশিষ্ট সমন্বয় কমিটি অনুমোদন দেওয়া হয়। এই কমিটির প্রধান সমন্বয়ক অ্যাডভোকেট সাকিল আহম্মেদ এবং যুগ্ম সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পেয়েছেন আরিফ খান ও আশিক রাব্বি। কমিটি গঠনের পর দলটি মেহেরপুরের বিভিন্ন স্থানে কয়েকটি পথসভা করে। তবে স্থানীয়রা বলছেন, এসব সভায় শুধু দল পরিচিতির কাজই হয়েছে, কোনো আদর্শিক বার্তা বা রাজনৈতিক রূপরেখা তারা পাননি। স্থানীয় বাসিন্দা ফজলুর রহমান বলেন, "নতুন দল এসেছে শুনেছি, কিছু পথসভাও হয়েছে। কিন্তু আমরা এখনো জানি না তারা ঠিক কী করতে চায় বা কোন আদর্শে চলছে।"

এনএসপি মূলত নাগরিক আন্দোলনের প্ল্যাটফর্ম জাতীয় নাগরিক কমিটি থেকে রূপান্তরিত একটি রাজনৈতিক উদ্যোগ। তবে এখনো দলটির পক্ষ থেকে পরিষ্কার করা হয়নি সেই নাগরিক কমিটির সদস্যরা কীভাবে রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত হবেন। এ বিষয়ে একাধিক আগ্রহী সদস্য জানিয়েছেন, তারা অপেক্ষায় আছেন কিন্তু দলীয় নীতিমালা বা অন্তর্ভুক্তির কোনো প্রক্রিয়া এখনো তাদের জানানো হয়নি।

## আশুরা উপলক্ষ্যে সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করা হবে ডিএমপি কমিশনার

নিজস্ব প্রতিবেদক

আসন্ন পবিত্র আশুরা উদযাপন ও তাজিয়া/শোক মিছিলের কর্মসূচি সুশৃঙ্খল ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের লক্ষ্যে ঢাকা মহানগর এলাকার নিরাপত্তা, আইন-শৃঙ্খলা ও ট্রাফিক ব্যবস্থাপনা সংক্রান্ত ডিএমপির সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৫ জুন) সকাল ১১টায় ডিএমপি হেডকোয়ার্টার্সের সম্মেলন কক্ষে ডিএমপি কমিশনার শেখ মো. সাজ্জাত আলীর সভাপতিত্বে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় আশুরা উপলক্ষ্যে সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করার কথা জানিয়েছেন ডিএমপি কমিশনার।




### মেহেরপুরে বিশ্ব পরিবেশ দিবস পালিত

## আলোচনা সভা, র‍্যালি, রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

মেহেরপুরে নানা আয়োজনে পালিত হয়েছে বিশ্ব পরিবেশ দিবস। বুধবার (৫ জুন) জেলা প্রশাসন ও জেলা পরিবেশ অধিদপ্তরের যৌথ উদ্যোগে দিবসটি উপলক্ষে আয়োজন করা হয় বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান।

দিনটির শুরুতে মেহেরপুর পাবলিক লাইব্রেরি মোড় থেকে একটি বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদের নেতৃত্বে র‍্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণে গিয়ে শেষ হয়।

পরবর্তীতে জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। এতে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন জেলা পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক মোজাফ্‌ফর খান।

এ বছরের প্রতিপাদ্য "প্লাস্টিক দূষণ আর নয়, বন্ধ করার এখনই সময়" বিষয়টির গুরুত্ব তুলে ধরে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি কলেজের প্রভাষক এস এম আশরাফুল হাবীব, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক, ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন, সামাজিক বন কর্মকর্তা এইচটি হামিম হায়দার, ব্র্যাকের জেলা প্রতিনিধি মনিরুল হুদা, সুবাহ সামাজিক সংস্থার নির্বাহী পরিচালক মইন-উল-আলম, ও সমাজ ও পরিবেশ উন্নয়ন সংস্থার প্রতিনিধি শামিমা আখতার।

## ডেঙ্গুতে আরও ৩২৬ জন হাসপাতালে ভর্তি, মৃত্যু ২

নিজস্ব প্রতিবেদক

গত ২৪ ঘণ্টায় দেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে ৩২৬ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। এর মধ্যে ১১৮ জনই বরিশাল বিভাগে সিটি করপোরেশন এলাকার বাইরে। এই সময়ের মধ্যে মারা গেছেন ২ জন। চলতি বছর এখন পর্যন্ত ডেঙ্গুতে মৃত্যু হয়েছে ৩৬ জনের এবং হাসপাতালে ভর্তি হয়েছেন ৮ হাজার ৮৭০ জন।

বুধবার (২৫ জুন) স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের দেওয়া তথ্য থেকে এসব জানা যায়।

স্বাস্থ্য অধিদফতর জানায়, এই

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ বুধবার ॥ ১১ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ২৫ জুন ২০২৫ইং

## মেহেরপুরে দ্বন্দ্বে বিএনপি

# নেতৃত্বের দ্বিধায় অস্থির সংগঠন

নিজস্ব প্রতিবেদক

দীর্ঘ ১৭ বছর পর মেহেরপুর জেলা বিএনপিতে নতুন করে প্রাণসঞ্চার করতে গঠিত হয়েছে আহ্বায়ক কমিটি। কিন্তু এই উদ্যোগ সংগঠনকে চাঙা করার বদলে জন্ম দিয়েছে অভ্যন্তরীণ দ্বন্দ্বের। নবগঠিত জেলা আহ্বায়ক কমিটির সঙ্গে আগের নেতৃত্বের দ্বন্দ্বে কার্যত দুই ভাগে বিভক্ত হয়ে পড়েছে মেহেরপুর জেলা বিএনপি। কমিটি গঠনের পর থেকেই দলে দেখা দিয়েছে তীব্র অভ্যন্তরীণ বিরোধ। জেলা বিএনপি এখন কার্যত দুইভাগে বিভক্ত। একদিকে কেন্দ্র ঘোষিত আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন ও সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, অন্যদিকে সদ্য বিদায়ী জেলা সভাপতি মাসুদ অরুণ ও তাঁর অনুসারীরা। গত ৫ আগস্ট দেশের রাজনীতিতে নতুন গতি আসার পরিপ্রেক্ষিতে ১৩ ডিসেম্বর কেন্দ্রীয় বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে জাভেদ মাসুদ মিল্টনকে আহ্বায়ক ও কামরুল হাসানকে সদস্য সচিব করে ৭ সদস্যের আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়। এরপর ২ ফেব্রুয়ারি সেই কমিটি পূর্ণাঙ্গ করে মোট ৩১ সদস্যের আহ্বায়ক কমিটি ঘোষণা করে কেন্দ্র। এতে যুগ্ম আহ্বায়ক হিসেবে দায়িত্ব পান আমিরুল ইসলাম, জাহাঙ্গীর বিশ্বাস ও ফয়েজ মোহাম্মদ। তবে সদ্য বিদায়ী সভাপতি মাসুদ অরুণ এবং সাধারণ সম্পাদক আমজাদ হোসেনকে শুধুমাত্র সদস্য হিসেবে রাখা হয়, যা তাঁদের পক্ষের নেতাকর্মীদের মধ্যে অসন্তোষের জন্ম দেয়।

মেহেরপুর জেলা বিএনপির নতুন সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান দাবি করেছেন, "এটাই প্রথমবারের মতো গোপন ব্যালটের মাধ্যমে ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে কমিটি গঠিত হচ্ছে। সম্পূর্ণ গণতান্ত্রিক প্রক্রিয়ায় দলকে পুনর্গঠন করা হচ্ছে।" তাঁর ভাষ্যমতে, দলের অভ্যন্তরের কিছু অংশ এখনও ২০০৭ সালের 'সংস্কারপন্থী' মানসিকতা বহন করছে, যা দলের ঐক্যে বাধা সৃষ্টি করছে। গণতান্ত্রিক প্রক্রিয়ায় গঠিত কমিটি, তবু তীব্র আপত্তি তাদের।

তবে সদ্য বিদায়ী সভাপতি মাসুদ অরুণ এ কমিটি মেনে নিতে পারেননি। কমিটিতে তাঁকে সাধারণ সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করাকে 'অসম্মানজনক' মনে করে তিনি তাঁর অনুসারীদের নিয়ে আহ্বায়ক কমিটির বিরোধিতায় নেমেছেন। মেহেরপুর শহরে একাধিকবার সভা, বিক্ষোভ ও মানববন্ধন করেছেন তাঁরা। এসব কর্মসূচিতে আহ্বায়ক কমিটি বাতিলের জোরালো দাবি উঠেছে।

স্থানীয় রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, এতদিন পর যখন দলটি মাঠে সক্রিয় হওয়ার চেষ্টা করছে, তখন এই অন্তঃকলহ সেই প্রক্রিয়াকে ব্যাহত করছে। তাঁদের মতে, "বিএনপির অভ্যন্তরীণ অস্থিরতা এখন দলে শৃঙ্খলা ফিরিয়ে আনার পথে সবচেয়ে বড় বাধা হয়ে দাঁড়িয়েছে।" তাঁরা আরও মনে করেন, কেন্দ্রীয় নেতৃত্ব যদি সময়মতো হস্তক্ষেপ না করে, তবে মেহেরপুরের এই বিভক্তি অন্য



মাহবুবুল হক পোলেন

# কঠিন অঙ্গীকার নিয়ে আমাদের নতুন পথচলা শুরু হলো

আমাদের দেশে অনেকে বলেন, মিডিয়া তার দায়িত্ব সঠিকভাবে পালন করছে না। কিন্তু সব প্রতিষ্ঠান যখন শেষ হয়ে যায়- কীভাবে একা দায়িত্ব পালন করবে মিডিয়া? মিডিয়া এ সমাজের বাইরের নয়। রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর পদে পদে চ্যালেঞ্জ সহ নানামুখী মানসিক চাপ নিয়েই কাজ করছে মিডিয়া। এক কঠিন সংকট মোকাবিলা করছেন মিডিয়া কর্মীরা। সমালোচনা কেউ সহ্য করতে চায় না। এর মাঝে সংকুচিত হচ্ছে বিজ্ঞাপনের বাজার। অনেকে হয়ত বলবেন, হুমকি-সংকট অতীতেও ছিল। অনেক এর সাথে একমত হয়ে আমিও তাই মনে করি। এই সীমাবদ্ধতা মধ্যেও পাঠকের কাছে মানুষের কাছে আমাদের কঠিন অঙ্গীকার সোজা সপটা সত্যটা তুলে ধরার।

এ অঞ্চলে ১৭৮০ সালে যখন জেমস অগাস্টাস হিকি প্রথম সংবাদপত্র বেঙ্গল গেজেট প্রকাশ করেন। এতে উপমহাদেশে ইংরেজরা খুশি হয়েছিলেন। তাঁকে সাধুবাদ জানিয়েছিলেন। ইংরেজরা আশা করেছিলেন হিকি তাদের স্বার্থ সংরক্ষণ করবেন। কিন্তু হিকি মানুষের কথা বলেছেন সংবাদপত্রে। ইংরেজদের অপকর্ম তুলে ধরেছেন। প্রশাসনের অনিয়মের খবর ছাপা হতো তাঁর পত্রিকায়। ইংরেজদের লুটপাটের কাহিনিও বাদ যায়নি। তিনি তাঁর লেখনিতে সরা সরি বলেছেন 'যদি সংবিধান খারিজ হয়, মানুষ দাসত্বে পতিত হয়, একজন সাহসী মানুষ আর একটা স্বাধীন সংবাদপত্র তাদের উদ্ধার করতে পারে। কিন্তু সংবাদের স্বাধীনতা না থাকলে মস্ত বীরপুরুষও স্বাধিকার, স্বাধীনতা রক্ষা করতে পারবে না।' এ কথাটির কারণে জেমস অগাস্টাস হিকি কারাবাস বরণ করতে হয়েছে। ইংরেজরা তাঁকে অপছন্দ করেছেন, তিরস্কার করেছেন। গ্রাম বার্তা প্রকাশিকার সম্পাদক সাংবাদিকতার প্রবাদপুরুষ কাঙ্গাল হরিনাথ। কুষ্টিয়ার একটি গ্রাম থেকেই পত্রিকা প্রকাশ করে তিনি চাঞ্চল্য তৈরি করেন। 'গ্রাম বার্তা প্রকাশিকা'র খবরও সেই যুগে

## নতুন মামলায় গ্রেফতার ইনু-পলক-কামালসহ চারজন

নিজস্ব প্রতিবেদক

জুলাই আন্দোলন ঘিরে দায়ের হওয়া পৃথক দুটি মামলায় সাবেক তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, সাবেক তথ্য-প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, সাবেক শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) সাবেক উপ-পুলিশ কমিশনার মো. শহিদুল্লাহকে গ্রেফতার দেখানো হয়েছে।

গতকাল বুধবার ঢাকা মহানগর হাকিম দিলরুবা আফরোজ তিথি এ সংক্রান্ত আদেশ দেন।

আদালত সূত্রে জানা গেছে, এদিন সকালেই আসামিদের কারাগার থেকে আদালতে হাজির করা হয়। পৃথক মামলাগুলোর তদন্ত কর্মকর্তারা তাদের গ্রেফতার দেখানোর আবেদন করলে শুনানি শেষে আদালত সেই আবেদন মঞ্জুর করেন।

এর আগে আদালত আসামিদের উপস্থিতিতে গ্রেফতার দেখানোর বিষয়ে শুনানির জন্য এ দিন ঠিক করেন।

কোন মামলায় কে গ্রেফতার

রমজান মিয়া হত্যা মামলা: ২০২৪ সালের ১৯ জুলাই রাজধানীর পশ্চিম রামপুরা ওয়াপদা রোড এলাকায় ছাত্র-জনতার আন্দোলনে অংশ নেন রমজান মিয়া। ওইদিন সকাল ১০টার দিকে গুলিবিদ্ধ হয়ে তিনি আহত হন এবং হাসপাতালে

## মেহেরপুরে বিএনপিতে বিভক্তি জামায়াতের নির্বাচনী প্রস্তুতি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে বিএনপি এখন দুই ভাগে বিভক্ত। একাংশ ব্যস্ত কমিটি গঠনে, অন্য অংশ আন্দোলনমুখী। এই সুযোগে জামায়াতে ইসলামি পুরোনো প্রভাব ফিরে পেতে নির্বাচনের প্রস্তুতি নিচ্ছে। দলটি মেহেরপুরের দুইটি আসনে প্রার্থীও ঘোষণা করেছে। চলছে সদস্য সংগ্রহ ও পথসভা। এদিকে নতুন দল জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) এখনও তেমন সাংগঠনিক ভিত্তি গড়তে পারেনি। তবে স্থানীয় রাজনীতিতে এই বিভক্তি ও নতুন সমীকরণ আগামী নির্বাচনে বড় প্রভাব ফেলতে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা।

বিএনপির ভেতরেই 'প্রতিপক্ষ': মেহেরপুরে উত্তাল নেতৃত্বের দ্বন্দ্ব স্থানীয় ও জাতীয় নির্বাচনের প্রস্তুতিতে মাঠে জামায়াত মেহেরপুরে এনএসপি'র অগ্রযাত্রায় স্থবিরতা

## আইএমএফ নির্বাচনের সূচি জানতে চেয়েছিল: অর্থ উপদেষ্টা

জ্যেষ্ঠ প্রতিবেদক

অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ বলেছেন, আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) তাদের ঋণের চতুর্থ ও পঞ্চম কিস্তি ছাড়ের সিদ্ধান্ত নেওয়ার আগে জাতীয় নির্বাচনের দিনক্ষণ জানতে চেয়েছিল।

নির্বাচনের একটি সম্ভাব্য সময় প্রকাশ পাওয়ার পর আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানগুলো থেকেও 'বাজেট সহায়তা' আসতে শুরু করেছে বলে মন্তব্য করেছেন তিনি। বুধবার সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হন অর্থ উপদেষ্টা।

তার আগে সোমবার আইএমএফের নির্বাহী বোর্ড ঋণের চতুর্থ ও পঞ্চম কিস্তি মিলিয়ে ১৩৩ কোটি ৭০ লাখ ডলার ছাড় করার অনুমোদন দেয়।

৪৭০ কোটি ডলারের এই ঋণ কর্মসূচির দুই কিস্তির টাকা বেশ কিছু দিন ধরে আটকে ছিল শর্তপূরণ না হওয়ার কারণে।

সবশেষ ২০২৪ সালের জুনে তৃতীয় কিস্তিতে ১১৫ কোটি ডলার ছাড় করে আইএমএফ। ওই তিন কিস্তিতে ২৩১ কোটি ডলার বাংলাদেশের হাতে এসেছিল। পরবর্তী চতুর্থ কিস্তি আসার কথা ছিল ডিসেম্বর মাসে। কিন্তু আওয়ামী লীগ সরকারের



## মেহেরপুরে পার্টনার ফিল্ড স্কুল কংগ্রেস অনুষ্ঠিত

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সদর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে 'অ্যাগ্রিকালচার এন্ড ট্রান্সফর্মেশন ফর নিউট্রিশন এন্টারপ্রেনরশিপ এন্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার)' প্রকল্পের আওতায় পার্টনার ফিল্ড স্কুল কংগ্রেস ২০২৫ বুধবার দুফরের দিকে মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে।

সদর উপজেলা কৃষি অফিসার মোঃ মনিরুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ সামছুল আলম। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পার্টনার প্রকল্প যশোর অঞ্চলের সিনিয়র মনিটরিং অফিসার শেখ সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে সদর উপজেলা সমবায় অফিসার মনিরুল ইসলাম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ-পরিচালক শায়খুল ইসলাম, কৃষি প্রকৌশলী সুবল চন্দ্র মন্ডল, উপ-সহকারী কৃষি কর্মকর্তা তৌহিদুল ইসলাম, এ.ই.ও. সাহাদুল ইসলাম, সদস্য নাহিদুজ্জামান, সেলিনা খাতুন, এস এম স্বাধীন খাঁন সহ অন্যান্য কর্মকর্তাগণ গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন।পার্টনার ফিল্ড স্কুল কংগ্রেসের মাধ্যমে কৃষি সম্প্রসারণ কার্যক্রমকে আরও শক্তিশালী করে খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং স্থানীয় কৃষকদের সক্ষমতা বৃদ্ধি করার লক্ষ্যে এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা কৃষি আধুনিকায়ন, উদ্ভাবনী পদ্ধতি এবং টেকসই উন্নয়নের ওপর গুরুত্বারোপ করেন।

## পৃথিবীর সর্বনাশের জন্য আমরা আসামি : প্রধান উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, পৃথিবীর সর্বনাশের জন্য যারা দায়ী তারা আমরা সবাই এখানে হাজির। আমরা আসামি। গতকাল বুধবার (২৫ জুন) রাজধানীর চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্রে বিশ্ব পরিবেশ দিবস এবং পরিবেশ ও বৃক্ষমেলার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, আমাদের পুরোনো কবিরা বলে গেছেন, সাগরের সব পানি যদি কালি হতো, বনের সব গাছ যদি কলম হতো, তাহলে এই অপরাধের বর্ণনা শেষ করা যেতো না। একই অপরাধ আমরা করে যাচ্ছি প্রতিদিন।

প্রধান উপদেষ্টা বলেন, আজকের পৃথিবী বিভিন্ন ধরনের সংকটে জড়িত। যুদ্ধবিগ্রহ, প্রযুক্তির

## আরও ২৬ জনের করোনা শনাক্ত

নিজস্ব প্রতিবেদক

গত ২৪ ঘণ্টায় ৪৯৯টি নমুনা পরীক্ষা করে ২৬ জনের শরীরে করোনাভাইরাস শনাক্ত করা হয়েছে। তবে এই সময়ের মধ্যে কেউ মারা যায়নি।

বুধবার (২৫ জুন) স্বাস্থ্য অধিদফতরের সমন্বিত



## মেহেরপুরে মেসার্স খান ট্রেডিং-এর উদ্বোধন

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর শহরের পন্ডের ঘাট এলাকায় "মেসার্স খান ট্রেডিং" নামের নতুন ব্যবসা প্রতিষ্ঠানটির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার দুপুরে আনন্দঘন পরিবেশে ফিতা কাটা ও কেক কেটে উদ্বোধন অনুষ্ঠান সম্পন্ন হয়।

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর বড়বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু, যিনি ফিতা কেটে নতুন প্রতিষ্ঠানটির যাত্রা শুরু করেন। উদ্বোধনী অনুষ্ঠানে মোনাজাত ও দোয়ার মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয় এবং সকলের কল্যাণ কামনা করা হয়।

অনুষ্ঠানে মেসার্স খান ট্রেডিং'র বিভিন্ন স্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। তাদের মধ্যে ছিলেন সিবিও বায়েজিদ বাসার, আরএসএম খুলনা বিভাগের মো. বাবুল আক্তার, সিনিয়র ম্যানেজার সোহেল রানা তালুকদার, ব্রাইট সিরামিকের হেড অব মার্কেটিং দিদারুল আলম খান, সহকারী ম্যানেজার এমডি তানভীর আলম সম্রাট, এক্সিকিউটিভ আব্দুল্লাহ আল রিসাত, মনিরুল ইসলাম প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত অতিথিবৃন্দ নতুন ব্যবসার জন্য শুভকামনা জানান এবং মেহেরপুরের অর্থনৈতিক উন্নয়নে এর ইতিবাচক প্রভাব পড়বে বলে আশাবাদ ব্যক্ত করেন। মেসার্স খান ট্রেডিং'র ভবিষ্যৎ পরিকল্পনা ও ব্যবসার সম্প্রসারণ নিয়ে আলোচনা করা হয়।

উদ্বোধনের পর অতিথিরা প্রতিষ্ঠানটির বিভিন্ন বিভাগ পরিদর্শন করেন এবং ব্যবসার কার্যক্রম সম্পর্কে অবগত হন। নতুন এই ব্যবসা প্রতিষ্ঠান মেহেরপুরের বাণিজ্য ক্ষেত্রে নতুন মাত্রা যোগ করবে বলে আশা প্রকাশ করা হয়।

## প্রধানমন্ত্রী পদে ১০ বছরের বেশি নয় সিদ্ধান্তে একমত বিএনপি

নিজস্ব প্রতিবেদক

একজন ব্যক্তি দশ বছরের বেশি প্রধানমন্ত্রী পদে দায়িত্ব পালন করতে পারবেন না, সংবিধানে এমন বিধান যুক্ত করার বিষয়ে একমত হওয়ার সিদ্ধান্ত নিয়েছে বিএনপি। পাশাপাশি সংস্কারের আরেক মৌলিক বিষয় সাংবিধানিক বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োগ দেওয়ার জন্য জাতীয় সাংবিধানিক কাউন্সিলের (এনসিসি) মতো প্রতিষ্ঠান গঠনের সঙ্গে দলটি একমত নয়। এটিকে সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক বলে মনে করছেন বিএনপির শীর্ষ নেতারা।

মঙ্গলবার (২৪ জুন) রাতে দলের স্থায়ী কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয় বলে বৈঠক সূত্রে জানা যায়। গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠকে লন্ডন থেকে ভার্চুয়ালি সভাপতিত্ব করেন দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।

জানা যায়, বৈঠকে সালাহউদ্দিন আহমেদ সংস্কার বিষয়ে জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে গত কয়েকদিনের আলোচনার বিষয়ে রিপোর্ট তুলে ধরেন। গত রোববার কমিশনের সঙ্গে রাজনৈতিক দলগুলোর বৈঠকে প্রধানমন্ত্রীর মেয়াদ নিয়ে বিস্তর আলোচনা হয়। দুই 'পূর্ণ মেয়াদ' হবে নাকি দুই 'বার' হবে, তা নিয়ে দলগুলোর মধ্যে বিতর্ক হয়। কেউ কেউ সংসদের দুই মেয়াদের পক্ষে, কেউ কেউ দু'বারের (মেয়াদ যত দিন হোক, সর্বোচ্চ দু'বার প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিতে পারবেন) পক্ষে মত দেন।

যুক্তিতর্কের একপর্যায়ে ওই

### উল্টা পাল্টা

সূর্যোদয়ের প্রতিশ্রুতি
মামুনর রশিদ মামুন

যাত্রা মোদের শুরু হলো,
হঠবে না আর পিছু।
গভীর থেকে তুলে আনব
সত্য-ঘটনা শুধু।
সকালের সেই চায়ের কাপে
চুমুক দেবার সময়,
চোখ রাখবেন সবসময়ড়
আমাদের সূর্যোদয় পাতায়।

শর্মা ফুড প্লাজা
বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।
মোবাইল : +০১৩০৯-৯১৯১৩৩

অ্যাপিটাজার, স্যান্ডউইস , বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স , মিট বক্স এড, পাস্তা, সালাদ , ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,




ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা , কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।

এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭
B-†gBj : surjonews@gmail .com

# পরবাসে থেকে পারসার উপলব্ধি

বিনোদন রিপোর্ট

যুক্তরাষ্ট্রের 'দ্য ফ্রিম্যান স্টুডিও'তে অভিনয় শেখার সুযোগ পেয়ে অভিনেত্রী পারসা ইভানা বর্তমানে অবস্থান করছেন সেখানে। যিনি তার আগেই একরাশ মুগ্ধতা ছড়িয়ে রেখেছেন 'ব্যাচেলর পয়েন্ট' সিরিজে ইভা চরিত্রে অভিনয় করে। সঙ্গে ফেসবুকে নিয়মিত প্রকাশিত তার ব্যক্তিগত উদ্যোগে নাচের ক্লিপগুলোও পেয়েছিল দারুণ জনপ্রিয়তা। দেশ ছেড়ে অভিনয়ে উচ্চতর শিক্ষার জন্য গেলেও নাচটা কিন্তু ঠিকই আগলে রেখেছেন। অথবা, নাচের মঞ্চে তিনি যেন নিজেকে এগিয়ে নিয়েছেন একধাপ। যুক্তরাষ্ট্রের মনোলোভা সব স্থানে পারসা নেচে মুগ্ধতা ছড়াচ্ছেন সোশ্যাল হ্যান্ডেলে। শুধু অভিনয়ের বিষয়টি আটকে আছে ক্লাসরুমের চার দেয়ালে, যা মিস করছেন দর্শকরা।
অভিনেত্রী নিজেও সেটি অনুভব করছেন হাড়ে হাড়ে। তাই তো দূর পরবাসে ভেতরে জমে থাকা কিছু উপলব্ধি ভাগ করে নিয়েছেন পারসা। শুনিয়েছেন জীবনবোধের কথা।



অভিনয়ে ফেরার আশ্বাস দিয়েছেন ভক্তদের।
২৪ জুন নিজের ফেসবুক ওয়ালে একটি পোস্ট শেয়ার করেছেন এই অভিনেত্রী। লিখেছেন, 'আপনারা যেমন আমায় মিস করেন, আমি তার থেকেও বেশি মিস করি আমার কাজকে। ভালো কিছু করতে গেলে মাঝে-মধ্যে একটু বিরতি দরকার হয়। এই দূরদেশে এসেছি অভিনয়ের প্রশিক্ষণ নিতে, শুধু আপনাদের জন্য। যেন আরও ভালো কিছু উপহার দিতে পারি।'
এরপর তিনি নিজের উপলব্ধির বা জীবনবোধের কথাও শেয়ার করে নিয়েছেন সবার সঙ্গে। লিখেছেন, 'জীবন অনেক কিছু নিয়ে যায়, তবু হেরে গেলে চলবে না। ফিরে আসতেই হবে নতুন করে, নতুন রূপে! আমি আমার সকল দর্শককে ভালোবাসি। আমার জন্য দোয়া করবেন সবাই।'
বলা প্রয়োজন, 'দ্য ফ্রিম্যান স্টুডিও'র প্রতিষ্ঠাতা স্কট দীর্ঘদিন ধরে অভিনয়ের প্রশিক্ষণ দিয়ে আসছেন। তিনিই পারসা ইভানার অনলাইনে অডিশন নিয়ে ৮ মার্চ তাকে নিজের স্টুডিওতে অভিনয় শেখার ব্যাপারে চূড়ান্ত করেন।
এ বিষয়ে পারসা ইভানা তখন গণমাধ্যমকে বলেছিলেন, ''কিছু দিন আগে জুমে অডিশন দিয়েছি।
স্কট নিজে ইন্টারভিউ নিয়েছেন। তিনি আমাকে বললেন, 'তুমি তো তোমার দেশে অভিনয়ে এই প্রজন্মের একজন স্টার। কেন তুমি অভিনয়ে আরও প্রশিক্ষণ নিতে চাও।' উত্তরে বললাম, 'আমি কখনও অভিনয় শিখিনি। তাই অভিনয়ের বিশদ জানতে চাই।

# ১২৭ জনের বিরুদ্ধে আইনি পদক্ষেপের হুঁশিয়ারি মিষ্টি জান্নাতের

বিনোদন ডেস্ক



ঢাকাই সিনেমার আলোচিত অভিনেত্রী মিষ্টি জান্নাত সামাজিক যোগাযোগ মাধ্যমে এক পোস্ট দিয়ে বেশ কিছু পেইজ, তথাকথিত সাংবাদিক, কন্টেন্ট ক্রিয়েটর এবং ফেসবুক ও টিকটক ব্যবহারকারীর বিরুদ্ধে গুরুতর অভিযোগ এনেছেন। মানহানিকর মন্তব্যের জন্য তিনি ১২৭ জনের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে এক পোস্ট দিয়ে মিষ্টি জান্নাত লেখেন, 'কিছু পেইজ এবং সো-কলড জার্নালিস্ট নামক ভিউ ব্যবসায়ীদের নাম এবং কিছু কন্টেন্ট ক্রিয়েটর এর নাম, ১২৭ জন আমার পেইজে বাজে কমেন্টকারী। তিনি আরও উল্লেখ করেন, 'এদের স্ক্রিনশট, লিংক সব এন্ট্রি করা হয়েছে। সাথে কিছু সো-কলড ফেইসবুকার, টিকটকার এদের নাম নিয়ে আমার ল-ইয়ার এবং আমার ফ্যান - ফলোয়ার, পরিবার কাজ করছেন।' মিষ্টি জান্নাত জানান, তার এই মানহানির পেছনে একটি সংঘবদ্ধ চক্র কাজ করছে। তার কথায়, 'অতি শিগগিরই এদের আইনের আওতায় আনা হবে আমার মানহানি করার জন্য। একদল লোক পিছনে লেগেই আছে, এখন তাদের আর কোনো ক্ষমা নেই।'
এই ঘটনায় ঢালিউড পাড়ায় মিশ্র প্রতিক্রিয়া দেখা গেছে। অনেকে মিষ্টি জান্নাতের এমন সাহসী পদক্ষেপকে স্বাগত জানিয়েছেন, আবার কেউ কেউ বিষয়টি নিয়ে কৌতূহল প্রকাশ করেছেন।

# 'খুব নার্ভাস তবে এটি অনেক মজার হতে চলেছে'

বিনোদন ডেস্ক

ভারতীয় ক্রিকেট দলের কিংবদন্তি অধিনায়ক সৌরভ গাঙ্গুলির বায়োপিক নিয়ে ভক্তদের উন্মাদনার শেষ নেই। মহেন্দ্র সিং ধোনি, আজহারউদ্দিনের পর এবার পর্দায় আসতে চলেছে 'প্রিন্স অফ কলকাতা' সৌরভের বর্ণাঢ্য জীবন। আর এই বহু প্রতীক্ষিত বায়োপিকে সৌরভের চরিত্রে অভিনয় করছেন বলিউড অভিনেতা রাজকুমার রাও। অবশেষে রাজকুমার নিজেই এই খবর নিশ্চিত করেছেন। ভারতীয় গণমাধ্যমে দেওয়া এক সাক্ষাৎকারে রাজকুমার রাও বলেন, 'দাদা তো আগেই বলে দিয়েছেন এবার আমিও অফিসিয়ালি বলছি। হ্যাঁ, তার বায়োপিকে আমি মুখ্য চরিত্রে অভিনয় করছি।'
এই বিশাল দায়িত্ব নিতে পেরে কিছুটা নার্ভাস হলেও রাজকুমার রাও একই সাথে উচ্ছ্বাস প্রকাশ করেছেন। তার কথায়, 'আমি খুব নার্ভাস এটি একটি বিশাল দায়িত্ব তবে এটি অবশ্যই অনেক মজার হতে চলেছে।'
বিশেষ করে সৌরভের বাংলা উচ্চারণ নিয়ে রাজকুমার রাও বেশ আত্মবিশ্বাসী। জানা গেছে, বছরের পর বছর ধরে তিনি এই উচ্চারণে কাজ করছেন এবং তার বাঙালি স্ত্রী পত্রলেখা তাকে এ ব্যাপারে যথেষ্ট সাহায্য করেছেন।
উল্লেখ্য, সৌরভ গাঙ্গুলি নিজেই এর আগে জানিয়েছিলেন যে রাজকুমার রাওকেই তিনি তার বায়োপিকের জন্য বেছে নিয়েছেন যদিও কিছু তারিখ সংক্রান্ত জটিলতা ছিল। ছবিটি মুক্তি পেতে প্রায় এক বছর সময় লাগতে পারে বলে ধারণা করা হচ্ছে।
সৌরভ গাঙ্গুলির বায়োপিকে তার ব্যক্তিগত জীবন থেকে শুরু করে বর্ণাঢ্য ক্রিকেট ক্যারিয়ার, ভারতীয় ক্রিকেট দলের গুরুত্বপূর্ণ পরিবর্তনগুলোতে তার অবদান- সবকিছুই ফুটিয়ে তোলা হবে। চলচ্চিত্রটির অন্যান্য গুরুত্বপূর্ণ দিকগুলো খুব শিগগিরই প্রকাশ করা হবে।

# বিতর্ক উড়িয়ে বক্স অফিসে বাজিমাত করলো 'সিতারে জামিন পার'

বিনোদন ডেস্ক

মুক্তির আগে থেকেই নানা বিতর্কে জর্জরিত ছিল বলিউড অভিনেতা আমির খানের নতুন ছবি 'সিতারে জামিন পার'। এমনকি মুক্তির প্রথম দিকে বক্স অফিসে 'লাল সিং চাড্ডা'-এর থেকেও কম ব্যবসা করায় ভক্তদের কপালে দুশ্চিন্তার ভাঁজ পড়েছিল।


## বিসমিল্লাহ্ ফামেসী

প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু



সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা

ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

## ত্রয়ী স্টোর এন্ড বুটিকস

স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!

শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি—
ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!



- ✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
- ✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
- ✓ দেশি-বিদেশী কসমেটিকস
- ✓ কুকারিজ আইটেম
- ✓ ইউনিক গিফট আইটেম
- ✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা

ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে।

কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

## মোল্লা ডায়াগনষ্টিক এন্ড কনসালটেশন সেন্টার

হাসপাতাল বাজার (পোস্ট অফিসের পশ্চিমে) গাংনী, মেহেরপুর।
সিরিয়ালের জন্য: ০১৭৯৮-০১০৭০৭

**ডাঃ মোঃ মশিউর রহমান মোল্লা**
স্পেশালিষ্ট পেইন এন্ড ক্রিটিক্যাল মেডিসিন
এম.বি.বি.এস, সি,সি, ডি-ডায়াবেটলজি (বারডেম) ডিএ-ডিপ্লোমা ইন এনেসথেশিয়া, পেইন এন্ড ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন (বিএসএমএমই এফ.আই.পি.এম- ফেলোশিপ ইন ইন্টারভেনশনাল পেইন ম্যানেজমেন্ট (ইন্ডিয়া) কনসালটেন্ট (এনেসথেশিয়া)-রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখার সময় : শুক্র থেকে মঙ্গলবার সকাল ১০টা হতে বিকাল ৫টা পর্যন্ত

মেডিসিন, গাইনী ও প্রসূতী
**ডাঃ তাসনিম সুলতানা**
এমবিবিএস (আর ইউ ) ডি এম ইউ (ডিপ্লোমা ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড) স্পেশাল ট্রেইন্ডইন টিভিএস ও কালার ডপলার মেডিকেল অফিসার মোল্লা ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার
প্রতি শনি-বৃহস্পতিবার সকাল ৯টা-বিকাল ৩টা পর্যন্ত

মেডিসিন, চর্ম ও শিশু রোগে অভিজ্ঞ
**ডাঃ মোঃ ফারুক হোসেন**
এমবিবিএস (সিএমসি), বিসিএস (স্বাস্থ) পিজিটি (মেডিসিন) মেডিকেল অফিসার
গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স গাংনী, মেহেরপুর

**ডাঃ মোঃ আলী হায়দার**
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য) এমএস (অর্থোপেডিক-সার্জারী) জুনিয়র কনসালটেন্ট
দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুষ্টিয়া।
প্রতি শুক্রবার সকাল ০৯টা হতে বিকাল ৫টা পর্যন্ত

**ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)**
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) মাস্টার্স ইন লেপ্রোলজী (জাপান) ভারপ্রাপ্ত কনসালটেন্ট (সাবেক) চর্ম, যৌন ও সেক্স রোগ বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। সাবেক কনসালটেন্ট, ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
প্রতি শনিবার সকাল ৯টা হতে বিকেল ৪টা পর্যন্ত

**ডাঃ মোঃ সেলিম উদ্দীন**
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (মেডিসিন) এম.ডি: রেসিডেন্ট গ্যাস্ট্রোএন্টেরোলজি কনসালটেন্ট (মেডিসিন) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
প্রতি শুক্রবার দুপুর ৩টা হতে রাত ৮টা পর্যন্ত

## মাইক্রোপ্যাথ ল্যাব

২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর।
মোবাইল ঃ ০১৭২৬-৪০৫৩৩৪, সিরিয়াল ঃ ০১৭৮৮-২২১৩৩৫

গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ ও সার্জন
**ডাঃ সোনিয়া আহমেদ**
এম.বি.বি.এটা (রাজ), বি.সি.এস (স্বাস্থ্য), ডিজিও (বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়), কনসালটেন্ট গাইনী এন্ড অবস
রোগী দেখার সময় : প্রতি রবি ও বুধবার দুপর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত
মেডিসিন, হৃদরোগ (হার্ট), বাতজ্বর ও ডায়াবেটিস বিশেষজ্ঞ

(প্রসূতি ও স্ত্রী রোগ) অভিজ্ঞ
**ডাঃ মেশকাতুন নেছা রিমা**
এম.বি.বি.এস, পিজিটি (গাইনী এন্ড অবস), এফসিপিএস পার্ট-১ (গাইনী এন্ড অবস), সি এম ইউ (আল্ট্রা), (প্রসূতি ও স্ত্রী রোগ) অভিজ্ঞ
রোগী দেখার সময় ঃ প্রতিদিন সকাল ৯টা থেকে দুপুর ২টা ও বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত। শুক্রবার ব্যতিত
বিঃদ্রঃ এখানে নিয়মিত কালার ডপলার ইকো করা হয়।

**ডাঃ মোঃ শাহিদুল ইসলাম (শাহিদ)**
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), এমডি (কার্ডিওলজি) এফসিপিএস, মেডিসিন (শেষ পর্ব), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট, ঢাকা।
রোগী দেখার সময় : বৃহস্পবিার বিকাল ৪টা থেকে রাত্রি ৮টা এবং শুক্রবার সকাল ৯টা থেকে

মেডিসিন ও ক্রিটিক্যাল কেয়ার বিশেষজ্ঞ
**ডাঃ মোঃ মাহবুবুর রহমান**
এম.বি.বি.এস, বি,সি,এস (স্বাস্থ্য) , এম.ডি (ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন-থিসিস), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখার সময়: প্রতি শনি থেকে বৃহস্পতিবার দুপুর ২:৩০ হতে বিকাল ৫:৩০ পর্যন্ত।

গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ বিশেষজ্ঞ ও সার্জন
**ডাঃ শাহারিয়া শায়লা**
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (গাইনী এন্ড অবস্) এফপি এমসিপিএস (গাইনী এন্ড অবস্), ডিজিও-ফাইনাল, সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী), কনসালটেন্ট (প্রসূতি ও স্ত্রী রোগ), তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখার সময় ঃ প্রতি সোম ও মঙ্গলবার দুপুর ৩ টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত। যোগাযোগ সাপেক্ষে

## রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল

গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল : ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯

**ডাঃ বি ডি দাস (পিকলু)**
এম. বি. বি. এস, বি. সি. এস (স্বাস্থ্য), সি. এম. ইউ (আল্ট্রাসনো) ব্যাত ব্যথা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা পর্যন্ত



## রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার

জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর
সিরিয়াল : ০১৭৯২-১০৭৯৫০, ০১৭১৪-৮৩৮৬১১

**ডাঃ ফাতেমা জান্নাত**
এমবিবিএস (ঢাকা) সিএমমইউ আল্ট্রা, পিজিটি (শিশু), মেডিশিন ও গাইনী মেডিকেল অফিসার, রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার, মেহেরপুর।
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ৯ টা থেকে দুপুর ২টা ও বিকাল ৪ টা থেকে রাত ৮ টা।

**ডা রবিউল ইসলাম আবির**
এমবিবিএস (ঢাকা) সিএমমইউ আল্ট্রা
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা থেকে রাত ৮ টা।

**ডাঃ ফরহাদ পারভেজ**
এমবিবিএস, বিসিএস( স্বাস্থ্য)
মেডিকেল অফিসার মেহেরপুর জেনারেল হাসপাতাল
রোগী দেখার সময় : প্রতিদিন দুপুর ২ টা থেকে রাত ৮ টা।

**ডাঃ আকতার উজ্জামান**
এমবিবিএস, ডিএমসি, ডিএমইউ( আল্টা)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ১ টা ও বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭ টা

## করবি ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার

সততা সুপার মার্কেট বা ( হাজি ইছার উদ্দিনের মার্কেট)
বামুন্দি বাজার, গাংনী, মেহেরপুর।
অগ্রীম সিরিয়ালের জন্য যোগাযোগ : ০১৭৩৮-১৩১৮১৩

নিউরো মেডিসিন ও উচ্চ রক্ত চাপ ডায়াবেটিস,স্ট্রোক প্যারালাইসিস রোগের চিকৎসা ও পরামর্শ দিচ্ছেন
**ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান**
এমবিবি এস ( ঢাকা মেডিকেল কলেজ), বিসিএিস (স্বাস্থ্য), ইসিআরডি ( সুইজারল্যান্ড), এমএসিপি (আমেরিকা), (এমডি ফিজিক্যাল মেডিসিন), কনসালটেন্ট। কুস্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল রুগী দেখার সময় প্রতি বুধবার দুপুর ২ টা থেকে রাত ৮ পা পর্যন্ত

মহিলাদের সকল প্রকার বন্ধ্যাত্ব, ঋতু স্রাব, অনিয়মিত মাসিক, গর্ভবতি মা ও শিশু, স্ত্রী ও প্রসূতি রোগে অভিজ্ঞ
**ডাঃ ইশরাত জেরিন (ইভা)**
এমবিবিএস, পিজিটি (গাইনী এন্ড অবস) , সিএমইউ (আল্ট্রা), স্ত্রী ও প্রসুতী রোগের বিশেষ অভিজ্ঞ রুগী দেখার সময় প্রতি সোমবার দুপুর ২:৩০ টা থেকে রাত ৮ পা পর্যন্ত

## নিউ সন্ধানী ডায়াগনস্টিক সেন্টার

ওয়াপদার মোড়, কলেজ রোড (কাটাইখানার সামনে) মেহেরপুর।
সিরিয়াল : ০১৭১৬-৬৫৭৭৩৯ ০১৬৮৪-৯১৪৮৫৬

**ডাঃ মোঃ খালিদ সাইফুল্লাহ্ (নয়ন)**
এম বি বি এস (খুলনা মেডিকেল কলেজ) মেডিসিন, নিউরোমেডিসিন, হৃদরোগ, লিভার ও জন্ডিস মাজা ব্যথা, ঘাড় ব্যথা, হাঁটু ব্যথা, বাত ব্যথা, হাড় ক্ষয়জনিত রোগ, ব্লাড প্রেসার ও ডায়াবেটিস রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় প্রতিদিন (শুক্রবার ব্যাতিত)সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত।

**ডাঃ তৌফিক আহমেদ**
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (মেডিসিন শেষপর্ব) এমডি ফেজ-এ বক্ষব্যাধী পিজিটি (নিউরো মেডিসিন) বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা । বক্ষব্যধী, শ্বাসকষ্ট যক্ষা, হৃদরোগ, মেডিসিন, লিভার, জণ্ডিস ব্লাড প্রেসার, ব্যথা ও শিরা চিকিৎসক . হাত ও পা ঝিনঝিন করা এবং কোমর ব্যথা রোগী দেখার সময় : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত।

## জনতা ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার

জেনারেল হাসপাতাল রোড, বিএডিসি'র সামনে, মেহেরপুর
যোগাযোগঃ সিরিয়াল : ০১৩২৮-৯৮৬১১১,
পরিচালক ঃ ০১৭৯৫-৯০৯৫৮৫, ০১৭১১-০৫১১১৪

**নবজাতক, শিশু, কিশোর ও কিশোরী রোগ বিশেষজ্ঞ**
ডাঃ ফারহানা ফেরদৌসী
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য) এমডি (নিওনেটোলজি) বিএসএমএমইউ সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফি) কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত।

**রক্তনালী (শিরা), হৃদরোগ, বক্ষব্যাধি, জেনারেল সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন**
ডাঃ মোঃ মাহমুদুর রহমান (শিমুল)
এম.বি.বি.এস (এস.এস.এম.সি),বিসিএস (স্বাস্থ্য) এম.এস (কার্ডিওভাসকুলার এন্ড থোরাসিক সার্জারী) এফ.সি.পি.এস (এফপি)-জেনারেল সার্জারী জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর।
রোগী দেখার সময় : প্রতিদিন দুপুর ২ টা থেকে বিকাল ৪টা পর্যন্ত (শুক্রবার বাদে)।

স্ত্রী, পসূতি ও বন্ধ্যত্ব রোগ চিকিৎসক সার্জন
**ডাঃ মোছাঃ সাদিয়া আফরিন (সোমা)**
এমবিবিএস, এসএসএমসি, বিসিএস(স্বাস্থ্য), সিএমইউ( আল্ট্রাসনোগ্রাফি), এফসিপিএস ( শেষ পর্ব) স্ত্রী রোগ ও প্রসূতিবিদ্যা বিভাগ, ২৫০ শয্যা বিশিষ্ট্য জেনারেল হাসপাতাল ,মেহেরপুর, এক্স সহকারি রেজিস্টার, কুস্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।

চর্ম, যৌন ও এলার্জি রোগ বিশেষজ্ঞ
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদিকী (মুকুল)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) মাস্টার্স ইন লেপ্রোলজী (জাপান) এ ভারপ্রাপ্ত কনসালটেন্ট (সাবেক) চর্ম, যৌন ও এলার্জি রোগ বিভাগ, ঢাকা মেডিকেল কলেহ হাসপাতাল, সাবেক কনসালটেন্ট, ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
রোগী দেখার সময় প্রতি মঙ্গলবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ।

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়

ঢাকা,বুধবার,২৫ জুন ২০২৫ ইং

## এনটিআরসিএ ও শিক্ষক নিয়োগ প্রহসনের প্রতিচ্ছবি?

দেশে তরুণদের সবচেয়ে বড় স্বপ্নগুলোর একটি-একটি স্থায়ী চাকরি। বিশেষত মেধাবী ও শিক্ষিত প্রজন্ম যখন শিক্ষক হওয়ার লক্ষ্যে দীর্ঘ প্রস্তুতি নেয়, সময় ও শ্রম বিনিয়োগ করে, তখন সে স্বপ্নের প্রতিদান হওয়া উচিত স্বচ্ছ ও সুবিচারভিত্তিক নিয়োগ প্রক্রিয়া। কিন্তু বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর সাম্প্রতিক কর্মকাণ্ড দেখে সেই স্বপ্নেরই যেন অপমৃত্যু ঘটছে। সম্প্রতি ১৮তম শিক্ষক নিবন্ধনের চূড়ান্ত ফল প্রকাশের পর থেকেই রাজধানীতে প্রতিদিন আন্দোলন করছেন হাজার হাজার চাকরিপ্রার্থী। পুলিশের লাঠিচার্জ, সাউন্ড গ্রেনেড, রাস্তায় অবস্থান, বৃষ্টিতে ভেজা শরীর-সব মিলিয়ে বিক্ষোভের দৃশ্য যেন একটি অসুস্থ নিয়োগ ব্যবস্থার চিত্রকথা বলে। চাকরিপ্রার্থীদের অভিযোগ গুরুতর: মৌখিক পরীক্ষায় স্বচ্ছতা নেই, প্রশ্ন ছিল অবান্তর, নম্বর দেওয়া হয়েছে পক্ষপাতমূলকভাবে, এবং ৪০ শতাংশের বেশি নম্বর পেয়েও অনেক প্রার্থীকে 'ফেল' দেখানো হয়েছে। শুধু তাই নয়, পরীক্ষায় উত্তীর্ণ ২৩ হাজারের বেশি প্রার্থীকে মৌখিক পর্বেই বাদ দেওয়ার ঘটনা বিস্ময়কর। এই প্রশ্নও উঠছে: যেখানে মৌখিক পরীক্ষার নম্বর নির্ধারিত মাত্র ২০, সেখানে কি সত্যিই এত বিপুল সংখ্যক প্রার্থী অকৃতকার্য হতে পারে? এই প্রেক্ষাপটে এনটিআরসিএর ভূমিকা ও দায় প্রশ্নবিদ্ধ হচ্ছে। প্রতিষ্ঠানটি শিক্ষক নিবন্ধনের সনদ প্রদানে নির্ধারিত নিয়ম পরিবর্তন করেছে কি না, তা এখন খতিয়ে দেখার দাবি রাখে। একইসঙ্গে চাকরিপ্রার্থীরা যে আরও একটি স্পষ্ট অসঙ্গতির দিকে আঙুল তুলেছেন-তা হলো নিয়োগ বিজ্ঞপ্তিতে বয়সসীমা নির্ধারণ নিয়ে। ২০২৩ সালের নভেম্বর মাসে প্রকাশিত নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তির ভিত্তিতে যারা আবেদন করেছেন, তাদের বয়স গণনা করা হয়েছে ২০২৫ সালের ৪ জুন (ফল প্রকাশের দিন) অনুযায়ী! এতে করে অনেক আবেদনকারী বয়সসীমার বাইরে পড়ে গেছেন-যা অমানবিক এবং প্রশাসনিক বিচারে দায়িত্বহীন সিদ্ধান্ত বলেই বিবেচিত। চূড়ান্ত ফল প্রকাশে দীর্ঘসূত্রতা, বয়স নির্ধারণে অসঙ্গতি, স্বচ্ছতাহীন মৌখিক পরীক্ষা এবং গণহারে ফেল-সব মিলিয়ে এনটিআরসিএ নিজেই নিজের ভাবমূর্তি বিনষ্ট করেছে। তরুণদের স্বপ্নের সঙ্গে এমন প্রহসন চালিয়ে যাওয়া কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। যদি নিয়োগ-প্রক্রিয়ায় ন্যূনতম স্বচ্ছতা ও জবাবদিহিতা না থাকে, তবে তা শিক্ষাক্ষেত্রের ভবিষ্যৎকেও বিপন্ন করবে। চাকরিপ্রার্থীদের স্বার্থ উপেক্ষা করে প্রক্রিয়া চালালে আস্থা হারাবে জনসাধারণ, প্রশ্নবিদ্ধ হবে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান। এ পরিস্থিতিতে দ্রুত ও স্বাধীন তদন্তের মাধ্যমে নিয়োগে অনিয়ম-অসঙ্গতির বিষয়গুলো পরিষ্কার করা প্রয়োজন। চাকরিপ্রার্থীদের অভিযোগ গুরুত্ব দিয়ে দেখা উচিত শিক্ষা মন্ত্রণালয়ের। একই সঙ্গে ভবিষ্যতে এমন অনভিপ্রেত পরিস্থিতি যাতে আর না হয়, তা নিশ্চিত করাও জরুরি। শিক্ষা ও শিক্ষক নিয়োগ কোনো আমলাতান্ত্রিক কৌশলের খেলা নয়-এটি জাতির ভবিষ্যৎ গঠনের হাতিয়ার। সেই অস্ত্রের ক্ষয় হওয়া মানে জাতির সম্ভাবনার মৃত্যু।

## করোনাভাইরাসের নতুন ঢেউ সতর্কতার বিকল্প নেই

দেশে করোনাভাইরাসের সংক্রমণ আবারও নতুন করে মাথাচাড়া দিয়ে উঠছে। গত রোববার দেওয়া স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ২৪ ঘণ্টায় দেশে ৫ জনের মৃত্যু ও ৩৬ জনের নতুন করে আক্রান্ত হওয়ার ঘটনা নিঃসন্দেহে এক উদ্বেগজনক ইঙ্গিত। ৬২১টি নমুনা পরীক্ষায় ৫.৮০ শতাংশ শনাক্তের হার ইঙ্গিত দেয়, সংক্রমণ পরিস্থিতি যতটা দৃশ্যমান, বাস্তবে হয়তো তা আরও বিস্তৃত। মৃত ব্যক্তিদের বয়স বিশ্লেষণে দেখা যাচ্ছে, করোনা এখনো বিভিন্ন বয়সসীমার মানুষের জন্য ঝুঁকিপূর্ণ-বিশেষ করে প্রবীণ ও কো-মরবিডিটিতে আক্রান্তরা সবচেয়ে বেশি হুমকির মুখে। অঞ্চলভিত্তিক চিত্র বলছে, চট্টগ্রাম, ঢাকা ও রাজশাহীতেই এবার মৃত্যু ঘটেছে, যা নির্দেশ করে সংক্রমণ রাজধানীকেন্দ্রিক না থেকে সার্বিকভাবে ছড়িয়ে পড়ার প্রবণতায় রয়েছে। ২০২৫ সালেও এখন পর্যন্ত ১৬ জনের মৃত্যু এবং ৪৩৩ জন আক্রান্ত হওয়ার তথ্য আমাদের মনে করিয়ে দেয়, করোনাভাইরাস এখনও বিদায় নেয়নি। বরং কম নমুনা পরীক্ষার মধ্যেও যে আক্রান্তের সংখ্যা বাড়ছে, তা আরও বেশি টেস্ট চালুর প্রয়োজনীয়তাকে সামনে নিয়ে আসে। সঠিক পরিসংখ্যান ছাড়া বাস্তব চিত্র আঁকা যেমন কঠিন, তেমনি প্রতিরোধমূলক পদক্ষেপ নেওয়াও হয়ে পড়ে সীমিত। বিশেষজ্ঞরা যথার্থই বলছেন, এ ধরণের 'ধীরগতির সংক্রমণ' যেন আমাদের আত্মতুষ্টিতে না ফেলে। সতর্কতাই এ মুহূর্তে একমাত্র ভরসা। মাস্ক ব্যবহার, ভিড় এড়িয়ে চলা এবং হালকা উপসর্গে দ্রুত নমুনা পরীক্ষা করানো-এসব সহজ, কিন্তু কার্যকর পদক্ষেপেই হয়তো বড় বিপর্যয় এড়ানো সম্ভব। সরকারি ও বেসরকারি পর্যায়ে সমন্বিত উদ্যোগ, জনসচেতনতা বাড়ানো এবং স্বাস্থ্যবিধি মেনে চলার সংস্কৃতি পুনরায় জোরদার করাই এখন জরুরি। অতীত অভিজ্ঞতা আমাদের শিখিয়েছে, অবহেলা করলে পরিস্থিতি কতটা দ্রুত নিয়ন্ত্রণের বাইরে চলে যেতে পারে। করোনাকে অবহেলা নয়-সতর্কতাই হোক আমাদের প্রতিদিনের অনুশীলন।

## ইতিহাসের এই দিনে

আলোচিত ঘটনাসমূহ
১২৮৪ - কিংবদন্তির হ্যামিলন এর বংশিবাদক ১৩০ শিশুকে নিয়ে হারিয়ে জান।
১৪৮৩ - রাজা ৩য় রিচার্ড ইংল্যান্ড এর রাজা হন।
১৫৩৯ - চৌসারের যুদ্ধে শের শাহের কাছে হুমায়ুন পরাজিত হন।
১৮১৯ - বাই সাইকেল এর পেটেন্ট করা হয়।
১৮৩০ - রাজা চতুর্থ উইলিয়ামের ব্রিটিশ সিংহাসনে আরোহণ।
১৮৪২ - ইংরেজ সৈন্য চীনের সাংহাই বন্দর অধিকার করে।
১৮৪৭ - লাইবেরিয়া স্বাধীনতা ঘোষণা করে।
১৮৪৮ - আমেরিকায় খাদ্য আইন চালু হয়।
১৮৯৪ - কার্ল বেঞ্জ গ্যাসোলিনচালিত গাড়ির প্যাটেন্ট পান।
১৮৯৬ - আমেরিকায় প্রথম সিনেমা হল চালু হয়।
১৯২৪ - আমেরিকান সৈন্যরা ডোমিনিয়ন রিপাব্লিক ত্যাগ করে।
১৯৩৪ - প্রথম বারের মত ব্যবহারিক হেলিকপ্টারফক উল্ফ এফ ডাব্লিউ ৬১ আকাশে উড়ে।
১৯৪০ - ২য় বিশ্বযুদ্ধ।
১৯৪১ - ফিনল্যান্ড দ্বিতীয় বিশ্বযুদ্ধে অংশ নেয়।
১৯৪৫ - সানফ্রান্সিসকো শহরে জাতিসংঘ সনদ স্বাক্ষরত।
১৯৪৫ - সানফ্রান্সিসকোতে জাতিসংঘ প্রতিষ্ঠায় বিশ্ব নিরাপত্তা সনদে ৫০টি দেশের প্রতিনিধিদের স্বাক্ষর।
১৯৪৫ - ব্রিটেনের লেবার পার্টি জয়লাভ করার পর উইনস্টন চার্চিল ক্ষমতা থেকে সরে দাঁড়ান।
১৯৪৮ - পশ্চিমা জোট বার্লিন এ এয়ার লিফট দেয়া শুরু করে যখন সোভিয়েত ইউনিয়ন পশ্চিম বার্লিন অবরুদ্ধ করে দেয়।
১৯৫২ - মিসরের রাজা ফারুক তার ছেলে ফুয়াদের কাছে ক্ষমতা হস্তান্তর করেন।
১৯৫৭ - গুয়েতেমালার একনায়ক কার্লোস ক্যাস্টিলো আরমাস নিহত হন।
১৯৫৯ - উত্তর আমেরিকার মহাসাগর গামী জাহাজ এর জন্য সেইন্ট লরেন্স সি-ওয়ে খুলে দেয়া হয়।
১৯৬০ - সোমালিল্যান্ড ইংরেজদের কাছ থেকে স্বাধীনতা পায়।
১৯৬০ - গণপ্রজাতন্ত্রী মালাগাছি নামে মাদাগাস্কারের স্বাধীনতা লাভ।
১৯৭২ - বন্যা পরিস্থিতির ভারত-বাংলাদেশ যৌথ পর্যবেক্ষণে সিদ্ধান্ত।
১৯৭৩ - বরিশালের কাঠালিয়া থানার আমুয়া ফাড়ি লুট।
১৯৭৪ - প্রথম বারের মত বারকোড ব্যবহার করে কোন খুচরা পণ্য বিক্রয় হয়। পণ্যটি ছিল চিবানোর গাম।
১৯৭৬ - করমুক্ত উন্নয়নমুখী উদ্বৃত্ত বাজেট। উন্নয়ন বাজেট ১২২২ কোটি টাকা। রাজস্ব খাতে আয় ১৬৬ কোটি টাকা ও ব্যয় ৭৬৮ কোটি টাকা ধার্য।
১৯৭৬ - সি এন টাওয়ার যেটি তৎকালীন পৃথিবীর উঁচুতম ভবন, খুলে দেয়া হয়।
১৯৭৭ - ২২ জুন ঢাকা কেন্দ্রীয় কারাগারে সংঘটিত হাঙ্গামার পূর্ণাঙ্গ তদন্তের জন্য বিচারপতি এ এফ এম আহসানউদ্দীন চৌধুরীকে নিয়ে তদন্ত কমিশন।
১৯৭৭ - এলভিস প্রিসলি শেষ কনসার্ট করেন।
১৯৭৭ - গাজী শহীদুল্লাহকে চেয়ারম্যান ও আবু নাসের খান ভাসানীকে সেক্রেটারি জেনারেল করে ভাসানী ন্যাপের নয়া সাংগঠনিক কমিটি।
১৯৭৮ - দক্ষিণ ইয়েমেনে সামরিক অভ্যুত্থান ঘটে।

# মেহেরপুর জেলায় অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকের ভূমিকা

মো:আরজুল্লাহ

মেহেরপুর, বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের একটি ছোট জেলা কিন্তু সম্ভাবনাময় জেলা। কৃষি, ক্ষুদ্র ও কুটিরশিল্প এবং সীমান্ত বাণিজ্যের মাধ্যমে এই জেলায় অর্থনৈতিক কর্মকাণ্ড ধীরে ধীরে বিকশিত হচ্ছে। এই অর্থনৈতিক অগ্রযাত্রায় ব্যাংক খাতের অবদান অনস্বীকার্য।
গত এক দশকে মেহেরপুরে সরকারি ও বেসরকারি ব্যাংকের শাখা সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। কৃষিঋণ, ক্ষুদ্রঋণ ও ঝগউ ঋণের মাধ্যমে জেলার উদ্যোক্তাদের মাঝে অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি হয়েছে। মেহেরপুরের প্রধান অর্থনৈতিক খাত হচ্ছে কৃষি। ধান, গম, সবজি ও ফলমূল উৎপাদনে এই জেলা দেশের অন্যান্য অঞ্চলের চেয়ে এগিয়ে। কৃষকদের প্রয়োজনীয় কৃষিঋণ প্রদান, সেচযন্ত্র ও বীজ কেনার জন্য ঋণসুবিধা এবং উৎপাদিত ফসল সংরক্ষণের জন্য আর্থিক সহায়তা প্রদান করছে ব্যাংকগুলো।
বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের মূল চালিকাশক্তিগুলোর একটি হচ্ছে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ বা ঝগউ খাত। মেহেরপুর জেলার মতো সীমান্তবর্তী ও কৃষিনির্ভর জেলাগুলোর অর্থনৈতিক ভিত্তি গড়ে তুলতে এসএমই ঋণ একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে ।
মেহেরপুর জেলার অর্থনীতি কৃষি নির্ভর হলেও সাম্প্রতিক বছরগুলোতে ক্ষুদ্র ব্যবসা, কুটিরশিল্প, ফার্নিচার কারখানা, বেকারি, পোশাকশিল্প, রাইস মিল, মুদিখানা, ইলেকট্রনিক্স দোকানসহ নানান ক্ষুদ্র উদ্যোগ গড়ে উঠছে। এই উদ্যোগগুলো টিকে থাকতে ও বিস্তৃত হতে এসএমই ঋণ দিয়ে তাদের সহায়তা প্রদান করা হ”ছ। তারা সহজ শর্তে জামানতবিহীন বা কম জামানতে ঋণ নিচ্ছে।
অনেক ব্যাংক নারী উদ্যোক্তাদের জন্য বিশেষ প্যাকেজও চালু করেছে। অনেক ব্যাংক শুধু অর্থই দিচ্ছে না, বরং ঋণগ্রহীতাদের ব্যবসায়িক পরিকল্পনা তৈরিতে সহায়তা করছে। জেলা পর্যায়ে বাংলাদেশ ব্যাংকের এসএমই ফোরাম, ব্যাংকের উদ্যোক্তা প্রশিক্ষণ কর্মশালা এসব কার্যক্রম নতুন উদ্যোক্তাদের আত্মবিশ্বাসী করে তুলছে। মেহেরপুর জেলার সার্বিক উন্নয়নের জন্য এসএমই খাতকে প্রাধান্য দেওয়া জরুরি। ব্যাংক যদি আরও উদ্যোক্তা-বান্ধব হয়ে উঠতে পারে এবং প্রকৃত উদ্যোক্তাদের পাশে দাঁড়ায়, তাহলে জেলার অর্থনীতির চিত্র




পাল্টে যেতে বেশি সময় লাগবে না। এসএমই ঋণ শুধু অর্থনৈতিক নয়, সামাজিক উন্নয়নের ক্ষেত্রেও এক শক্তিশালী হাতিয়ার। এসএমই ঋণের ফলে নতুন নতুন ব্যবসা শুরু হচ্ছে। একজন ক্ষুদ্র উদ্যোক্তা যেমন একটি মুদি দোকান দিয়ে শুরু করে কর্মসংস্থান সৃষ্টি করছেন, তেমনি একজন মহিলা উদ্যোক্তা নিজ বাড়িতে বুটিক হাউস গড়ে তুলেছেন। এতে করে নিজে যেমন স্বাবলম্বী হচ্ছেন, তেমনি এলাকার আরও মানুষ কাজের সুযোগ পাচ্ছেন। যুব উদ্যোক্তা উন্নয়ন প্রকল্প, 'স্টার্টআপ বাংলাদেশ' কর্মসূচি এবং মহিলা উদ্যোক্তাদের জন্য বিশেষ ঋণ কার্যক্রমের মাধ্যমে ব্যাংকগুলো জেলার তরুণদের আত্মনির্ভরশীল হতে সহায়তা করছে। এর ফলে স্থানীয় পর্যায়ে ক্ষুদ্র ব্যবসা, দোকানপাট, কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ ইত্যাদিতে কর্মসংস্থানের সুযোগ তৈরি হয়েছে।ডিজিটাল ব্যাংকিং সেবা, মোবাইল ব্যাংকিং এবং এজেন্ট ব্যাংকিংয়ের মাধ্যমে মেহেরপুরের প্রত্যন্ত অঞ্চলের মানুষ আর্থিক সেবার আওতায় এসেছে। এক্ষেত্রে বিকাশ, নগদ, রকেট ইত্যাদি মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।তবে এখনও কিছু চ্যালেঞ্জ রয়েছেড়যেমন অর্থনৈতিক সচেতনতার অভাব, ঋণ পুনর্গঠনের জটিলতা, পর্যাপ্ত মনিটরিংয়ের অভাব ইত্যাদি। তবে যথাযথ নীতি গ্রহণ ও সমন্বিত উদ্যোগের মাধ্যমে মেহেরপুর অর্থনৈতিকভাবে আরও এগিয়ে যেতে পারে।মেহেরপুর জেলার অর্থনৈতিক বিকাশে ব্যাংক খাতের সক্রিয় ও দায়িত্বশীল ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরকারি নীতির সহায়তা এবং ব্যাংক-জনগণের মধ্যে আস্থা ও সচেতনতার মাধ্যমে এ অঞ্চলে একটি টেকসই ও অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি গড়ে তোলা সম্ভব।
( লেখক : ব্যবস্থাপক, শাহজালাল ইসলামী ব্যাংক পিএলসি, মেহেরপুর শাখা)